

আজকাল

কলকাতা শুক্রবার ৫ ফেব্রুয়ারি ২০২১

অনলাইনে পড়া সাহায্যে রাজি সেন্ট জেভিয়ার্স

আজকালের প্রতিবেদন

রাজ্যের কোনও কলেজ বা বিশ্ববিদ্যালয় যদি অনলাইনে পঠন-পাঠনের বিষয়ে কোনও সাহায্য চায়, সম্পূর্ণ বিনামূল্যে তা করতে রাজি সেন্ট জেভিয়ার্স বিশ্ববিদ্যালয়। বৃহস্পতিবার এক সাংবাদিক বৈঠকে এ কথা জানান বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ফেলিক্স রাজি। একই সঙ্গে তিনি জানান, রাজ্যরহাটে তাঁদের বিশ্ববিদ্যালয়ের আশেপাশে গ্রামগুলো থেকে কর্মহীনদের খুঁজে এনে ডিপ্লোমা কোর্স করাবেন তাঁরা। এঁদের চাকরির চেষ্টাও করা হবে। শনিবার বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় সমাবর্তন হতে চলেছে। সম্পূর্ণ কোভিড বিধি মেনে ব্লেন্ডেড মোডে এই সমাবর্তন হবে বলেও জানান উপাচার্য। সমাবর্তনে উপস্থিত থাকবেন রাজ্যপাল জগদীপ ধনকড়।

বৃহবার রাজ্যের বিশ্ববিদ্যালয়গুলির উপাচার্যদের সঙ্গে বৈঠকে শিক্ষামন্ত্রী পার্থ চাটার্জি অনলাইন ক্লাস নিয়ে বলেছিলেন, অনলাইন পঠন-পাঠন কলেজ-বিশ্ববিদ্যালয়গুলোতে ভালই চলছে। যারা পারছে না তাদের অন্যেরা সাহায্য করছে। তারপরই এদিন অনলাইন ক্লাস নিয়ে সাহায্যের কথা জানাল সেন্ট জেভিয়ার্স। করোনা পরিস্থিতিতে তাঁরাই প্রথম অনলাইনে পঠন-পাঠন শুরু করেছিলেন বলে জানান উপাচার্য। এদিনের সাংবাদিক বৈঠকে উপাচার্য আরও জানান, তাঁরা রাজ্যরহাটে তাঁদের বিশ্ববিদ্যালয়ের আশেপাশের গ্রামগুলো থেকে কর্মহীনদের খুঁজে এনে ডিপ্লোমা কোর্স করাবেন। এঁরা যাতে চাকরি পান তাঁর চেষ্টাও করবে বিশ্ববিদ্যালয়। উপাচার্য বলেন, 'আমাদের ছাত্র-ছাত্রীরা গ্রামগুলিতে গিয়ে ওখানের ছেলেমেয়েদের পড়ায়। কতজন ওখানে কাজ পাচ্ছে না এখন সেই সমীক্ষা চালানো হচ্ছে। এদের জন্য ইলেকট্রনিক্স, হোটেল ম্যানেজমেন্ট এবং সেলাইয়ের ডিপ্লোমা কোর্স চালু করা হবে। এঁদের চাকরি পাওয়ার চেষ্টাও করবে বিশ্ববিদ্যালয়।'

বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর স্তরে সাইকোলজির কোর্স চালু হতে চলেছে। উপাচার্য জানান এতে দু'টি স্পেশালাইজেশন থাকবে— ক্লিনিক্যাল সাইকোলজি এবং অর্গানাইজেশনাল সাইকোলজি। চালু হতে চলেছে স্কুল অফ ফিলোজফি অ্যান্ড রিলিজিয়ন। স্নাতক ও স্নাতকোত্তর স্তরে পড়ানো হবে ফিলোজফি অ্যান্ড রিলিজিয়াস স্টাডিজ। সর্ব ধর্মের কথা মাথায় রেখে হিন্দু মুসলমান খ্রিস্টান ধর্মের বিষয়ে স্পেশালাইজেশন করা যাবে। বিশ্ববিদ্যালয়ের ৩০০ ছাত্রী থাকার জন্য দ্বিতীয় হস্টেল তৈরি করা হচ্ছে।